

দুবাইয়ে সংবাদ সম্মেলন
আমিরাতকে ভোট দেওয়ার দাবি প্রবাসীদের

সাইফুল ইসলাম তালুকদার, ইউএই থেকে : ২০২০ এ অনুষ্ঠিতব্য ওয়াস্‌ল এক্সপোকে ঘিরে সংযুক্ত আরব আমিরাত প্রবাসী নেতৃবৃন্দ বলেছেন, আগামী ২৭ নভেম্বর ভোটাভোটির মাধ্যমে নির্ধারিত হতে যাচ্ছে কোন দেশে অনুষ্ঠিত হবে আস্ত জাতিক এই পণ্য প্রদর্শনী ওয়াস্‌ল এক্সপো। এতে নিজের দেশে করার লক্ষে তুর্কি, রাশিয়া, ব্রাজিল ও থাইল্যান্ড বেশ তৎপড়তা চালালেও এখন পর্যন্ত এগিয়ে রয়েছে সংযুক্ত আরব আমিরাত। ইতিমধ্যে এই আয়োজনকে সামনে রেখে দুবাইয়ের বাণিজ্য কেন্দ্র জেবল আলিতে নির্মান করা হয়েছে আল মাকতুম ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট। সেখানে নির্ধারণ করা হয়েছে ৪৩৮ হেক্টর জমিও। তবে এই নিয়ে শনিকত বাংলাদেশীরা। এর কারণ উল্লেখ করে তারা বলেন, এই ভোটাভোটিতে বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ ভোটের অধিকার রাখে। তাই বাংলাদেশ সরকার যদি আরব আমিরাততে সমর্থন না দিয়ে রাশিয়া বা অন্য কোন দেশকে ভোট দানে সহায়তা করে তবে দেশটিতে অবস্থানরত ১০ লক্ষাধীক বাংলাদেশীর উপর বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি ফুটে উঠতে পারে। তাছাড়া শ্রমিকদের উপর কঠিন কোন আইন ও জারি করতে পারে বলে আশঙ্কা নেতৃবৃন্দ। তারা আরো বলেন বলেন, গত প্রায় দেড় বছর যাবত বাংলাদেশীদের নতুন নিয়োগ ভিসা ও বন্ধ রয়েছে। তার উপর নতুন কোন জটিলতা সৃষ্টি হোক তা তারা চান না। তাই দেশটিতে অবস্থানরত বাংলাদেশীদের স্বার্থ বিবেচনায় সরকার আরব আরব আমিরাতকে ভোট দানে সহায়তা করবেন বলে প্রবাসীদের প্রত্যাশা। গত ২২ নভেম্বর ৯ টায় দুবাই প্যানোরমা হোটেল বলরুমে প্রবাসী বাংলাদেশী কমিউনিটি কর্তৃক আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তারা এসব কথা বলেন। দুবাই বাংলাদেশ বিজনেস কাউন্সিলের সভাপতি মোহাম্মদ মাহাতাবরু রহমান নাসিরের সভাপতিত্বে ও কমিউনিটি নেতা জাকির হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রকৌশলী আবদুস সালাম খান, আল মামুন সরকার, হাজী শরাফত আলী, আইয়ুব আলী বাবুল, রাজা মল্লিক, নুরুল আলম, প্রকৌশলী ফারুক মাহমুদ চৌধুরী, এস এম নিজাম, কাজী মোহাম্মদ আলী, আশিকুর রহমান, কাজী শাহাজাহান, এম আবদুল্লাহ, নাসিম উদ্দিন চৌধুরী, জহরুল ইসলাম, সাইফুল ইসলাম তালুকদার, মাহাবুব হাসান প্রমুখ।



ছবি : দুবাইয়ে সংবাদ সম্মেলনে প্রবাসী কমিউনিটির নেতৃবৃন্দ।